



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
www.comilladakshin@dvd.gov.bd


স্মারক নং- যুউঅ/কুসদ/উপজেলা যুব ও ক্রীড়া-৩১/২০১২- ১৭

তারিখঃ- ১৯/০৯/২০২১খ্রিঃ।

বিষয় : যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভায় যোগদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনাকে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী (২০/০৯/২০২১খ্রিঃ) রোজ সোমবার সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা ভাইস চেয়ারম্যানের অফিস কক্ষে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার জন্য আপনাকে বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

প্রাপক : -----


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।



অদ্য ২০/০৯/২০২১ খ্রিঃ রোজ সোমবার, সকাল ১১.০০ ঘটিকায় উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

সভার স্থান : ভাইস চেয়ারম্যানের মহোদয়ের অফিস কক্ষ।

ক্রমিক নং	উপস্থিত সদস্যবন্দ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	পদবী	স্বাক্ষর
০১	ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সভাপতি	স্বাক্ষরিত
০২	সেক্রেটারী, উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন স্থায়ী কমিটি	সদস্য	স্বাক্ষরিত
০৩	চেয়ারম্যান, ইউপি, বারপাড়া, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য	স্বাক্ষরিত
০৪	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য	স্বাক্ষরিত
০৫	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা	সদস্য সচিব	স্বাক্ষরিত

আলোচ্য বিষয়সমূহঃ

০১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

০২। যুব কার্যক্রম নিয়ে আলোচনা।

০৩। বিবিধ

সভার শুরুতে সভাপতি মহোদয় ভূঁয়ালী সকল সদস্যদের সালাম জানিয়ে সভার কাজ শুরু করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান।	পূর্ববর্তী কার্যবিবরণী কোন প্রকার পরিবর্তন না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন দেয়া হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব কার্যক্রম নিয়ে আলোচনা	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান করোনার ২য় ঢেউয়ের কারণে যুব কার্যক্রম কিছুটা বিঘ্নিত হলেও চলতি মাস হতে আদায় বৃদ্ধি পেয়েছে। ঋণ আদায়ের হার ৯৭.৮৯ এবং বিভিন্ন ট্রেডে ৪২০জনকে প্রশিক্ষণ দেয়া হবে ইতি মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে।	সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাদের মোবাইল ফোনের মাধ্যমে সদস্যদের সাথে যোগাযোগ করে ঋণের কিস্তি পরিশোধে উদ্বুদ্ধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। যথা সময়ে প্রশিক্ষণ শেষ করার সিদ্ধান্ত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
www.comilladakshin@dvd.gov.bd

“উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির রেজুলেশন” (২০২১-২০২২)


অধিবেশন নং-০২

সভাপতি : জনাব আবদুল হাই বাবলু, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়।
তারিখঃ ২০/০৯/২০২১ খ্রিঃ।

সভার শুরুতে সভাপতি স্বাস্থ্যবিধি মেনে আসন গ্রহণের অনুরোধ করে সকল সদস্যদের সালাম জানিয়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ জানান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। কোনরকম পরিবর্তন না থাকায় তা সভায় অনুমোদন লাভ করে। তিনি আজকের আলোচ্য বিষয় সম্পর্কে সভাকে অবহিত করেন।

আলোচ্য বিষয় সমূহ	সিদ্ধান্ত সমূহ	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১। ২নং আলোচনায় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান করোনার ২য় ঢেউয়ের প্রভাবে যুব কার্যক্রম কিছুটা বিঘ্নিত হলেও ইতি মধ্যে ঋণ আদায় স্বাভাবিক পর্যায়ে ফিরে আসতে শুরু করেছে। সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে গমন করে কার্যক্রমকে গতিশীল করার চেষ্টা চালিয়ে যাচ্ছেন। চলমান আদায়ের হার ৯২.৪২% মোট বিতরণ ১,৩৯,৩৭,০০০/- মোট আদায়ের হার ৯৭.৮৯%। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবসে ০৩জন প্রশিক্ষিত আত্মকর্মীর মাঝে প্রাতিষ্ঠানিক ঋণ বাবদ ৬০,০০০/-টাকা করে ১,৮০,০০০/- টাকা ঋণের চেক বিতরণ করা হয়। ইতি মধ্যে ২০২১-২০২২ অর্থ বছরের প্রশিক্ষণ বাজেট পাওয়া গিয়াছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী চলতি মাস হতে বিভিন্ন ট্রেডে ৪৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হবে। ২/১ টি ঋণ দীর্ঘদিন থেকে অনাদায়ী আছে, তিনি এই ব্যাপারে সভাপতি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বর্ষা মৌসমে বনজ, ফলজ এবং ঔষধি গাছ রোপনের জন্য সভাপতি মহোদয় তাগিদ দেন। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান চলতি অর্থ বছরে প্রশিক্ষিত আত্মকর্মীদের মাধ্যমে ১৩০টি বনজ, ফলজ, ঔষধি গাছ রোপন করা হয়েছে।	১। লক্ষ্যমাত্রা অনুযায়ী যুব ঋণ বিতরণ ও আদায় এবং স্থানীয় চাহিদার ভিত্তিতে প্রশিক্ষণ দেওয়া। ২। অনাদায়ী ঋণীদের মোবাইল নম্বরের মাধ্যমে সভাপতি মহোদয় কথা বলবেন এবং ঋণ আদায়ে তাগিদ দিবেন। যুব উন্নয়নের সংশ্লিষ্ট সংগঠনের মাধ্যমে বৃক্ষ রোপন কর্মসূচী বাস্তবায়ন।	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ যুব উন্নয়ন অধিদপ্তর। যুব উন্নয়ন অধিদপ্তর।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে সালাম ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


আবদুল হাই বাবলু

ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ

ও
সভাপতি

উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

তারিখঃ ২১/০৯/২০২১ খ্রিঃ।

স্মারক নং-যুউঅ/কুসদ/যুব ও ক্রীড়া উন্নয়ন-০১/১২-১৬

সদয় আবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, কুমিল্লা।
- ০৪। চেয়ারম্যাননং ইউনিয়ন পরিষদ, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।
- ০৫। অফিস কপি।


২১/০৯/২০২১

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।